

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০০৫

১/ বিবিধ

আরবী

اكشف الباس، رب الناس! عن ثابت بن قيس بن شماس  
ضعيف

أخرجه أبو داود (2 / 337 - طبع الحلبي) وابن حبان في " صحيحه " (رقم 1418 - موارد) عن يوسف بن محمد بن ثابت بن قيس بن شماس عن أبيه عن جده عن رسول الله صلى الله عليه وسلم أنه دخل على ثابت بن قيس وهو مريض، فقال فذكره، ثم أخذ ترابا من بطحان فجعله في قدح، ثم نفث عليه بماء فصبه عليه، ولفظ ابن حبان: فجعله في قدح فيه ماء فصبه عليه"، لم يذكر النفط قلت: وهذا سند ضعيف علته يوسف بن محمد، وقلبه بعض الرواة فقال: محمد بن يوسف، قال أبو داود: والصواب الأول قلت: وهو مجهول العين، أورده ابن أبي حاتم (4/228) ولم يذكر فيه جرحا ولا تعديلا، وقال الذهبي في " الميزان ": لا يعرف حاله، روى عنه عمرو بن يحيى بن عمارة قلت: الصواب عدم ذكر لفظ (حاله) ، فإنه إذا كان لم يروعه غير عمرو هذا فهو مجهول العين كما قلنا، وليس مجهول الحال كما هو مقرر في علم مصطلح الحديث وأما الحافظ فقال في " التقريب ": مقبول، يعني عند المتابعة وإلا فلين الحديث كما نص عليه في المقدمة واعلم أننا إنما أوردنا هذا الحديث لما في آخره من جعل البطحان (وهو الحصاص الصغار) في القدح إلخ، فإنه غريب منكر، وأما الدعاء " اكشف الباس رب الناس "،

فهو ثابت من حديث عائشة رضي الله عنها بلفظ: " كان يعود بعض أهله، يمسح بيده  
اليمنى ويقول: اللهم رب الناس، أذهب الباس، واشفه أنت الشافي، لا شفاء إلا  
شفائك، شفاء لا يغادر سقما  
أخرجه الشيخان وغيرهما، وله فيهما وفي " المسند " طرق (6/44، 45، 50، 108،  
109، 114، 115، 120، 124، 125، 127، 131، 208، 260، 278، 280)

বাংলা

১০০৫। হে মানুষের প্রতিপালক তুমি সাবেত ইবনু কায়েস ইবনে শাম্মাসকে রোগ মুক্ত কর।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু দাউদ (২/৩৩৭), ইবনু হিব্বান তার "সহীহ" (নং ১৪১৮) গ্রন্থে ইউসুফ ইবনু মুহাম্মাদ ইবনে সাবেত ইবনে কায়েস ইবনে শাম্মাস হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

তিনি (রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একদিন সাবেত ইবনু কায়েসের নিকট প্রবেশ করলেন এমতাবস্থায় যে তিনি অসুস্থ ছিলেন। অতঃপর তিনি ছোট ছোট পাথর মিশ্রিত মাটি নিয়ে একটি পিয়ালেতে রাখলেন। তারপর পানি মিশ্রিত করে তাতে ফুঁ দিলেন। অতঃপর তার উপর ঢেলে দিলেন।

ইবনু হিব্বানের অন্য বর্ণনায় ফুঁ দেয়ার কথা উল্লেখ করা হয়নি।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তার সমস্যা হচ্ছে ইউসুফ ইবনু মুহাম্মাদ। কোন কোন বর্ণনাকারী উল্টা করে বলেছেনঃ তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনু ইউসুফ। তবে আবু দাউদ বলেনঃ প্রথমটি সঠিক।

আমি বলছি। তিনি মাজহুলুল আঈন। ইবনু আবি হাতিম (৪/২২৮) তাকে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি। হাফিয যাহাবী বলেনঃ তার অবস্থা সম্পর্কে জানা যায় না। তার থেকে আমার ইবনু ইয়াহইয়া বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ 'তার অবস্থা' এ কথাটি উল্লেখ না করাই সঠিক। কারণ তার থেকে যখন আমার ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি তখন তিনি মাজহুলুল আঈন। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাকবুল (গ্রহণযোগ্য) মুতাবা'য়াতের সময়। এছাড়া তার হাদীস দুর্বল।

হাদীসটির প্রথম (হে মানুষের প্রতিপালক...) অংশটি সহীহ। এখানে ছোট ছোট পাথর পিয়ালের মধ্যে রাখার কথা শেষাংশে যে উল্লেখ করা হয়েছে এ কারণেই হাদীসটি এখানে নিয়ে আসা হয়েছে। কেননা এ অংশটুকু গারীব

মুনকার ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71884>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন